



PRESS CLUB, KOLKATA

Registration No. - S/6012 of 1963 - 1964



ESTD. 1945

তারিখঃ ১৬ জুলাই, ২০২১



সাংবাদিক রাজীব ঘোষের প্রয়াণে প্রেস ক্লাব, কলকাতা-র শোকবার্তা

বিশিষ্ট সাংবাদিক, আজকাল পত্রিকার যুগ্ম সম্পাদক এবং প্রেস ক্লাব, কলকাতার সদস্য **রাজীব ঘোষের** জীবনাবসান হয়েছে। আজ ১৬ জুলাই ২০২১ শুক্রবার দুপুর আড়াইটে নাগাদ কলকাতার এক বেসরকারি নার্সিং হোমে ফুসফুসে সংক্রমণের কারণে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৫৯ বছর। রেখে গেছেন স্ত্রী, পুত্র, পুত্রবধু এবং অসংখ্য গুণমুগ্ধ সহকর্মী ও বন্ধুকে।

রাজীব ঘোষের সাংবাদিকতার সূচনা পশ্চিম বঙ্গ সংবাদ পত্রিকায় ১৯৮৩ সাল নাগাদ। ১৯৮৪ সালে বর্তমান পত্রিকার সূচনা লগ্ন থেকেই সেখানে যুক্ত ছিলেন। পরে আজকাল পত্রিকায় দীর্ঘদিন অত্যন্ত দায়িত্বের সঙ্গে সাংবাদিকতা করেন। সংবাদ সম্পাদনা, অনুবাদ, শিরোনাম রচনায় তাঁর দক্ষতা সাংবাদিক মহলে সর্বজন বিদিত ছিল।

সাংবাদিকতার সঙ্গে সঙ্গে তিনি বেশ কয়েকটি বইও লিখেছেন। সেগুলির মধ্যে কথা ও কলকাতা, কলিকতা, পাড়াভূতো এবং খোসগল্প সবচেয়ে জনপ্রিয়।

ব্যক্তিগত জীবনে সদালাপী, অমায়িক, বন্ধু বৎসল, স্থিতধী এবং অত্যন্ত জনপ্রিয় ছিলেন।

প্রেস ক্লাব, কলকাতা, প্রয়াত **রাজীব ঘোষের** স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করছে এং তাঁর পরিবারের ও সহকর্মীদের আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মৌশমি সুর
(সভাপতি)

কিশোর প্রামাণিক
(সম্পাদক)